

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৪৫

আগরতলা, ২৯ অক্টোবর, ২০২৪

দীপাবলি উৎসব উপলক্ষ্যে
মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

দীপাবলি উৎসব উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘আলোর উৎসব দীপাবলি আমাদের চিরস্মৃত ঐতিহ্যের প্রতীক। দীপাবলির আলোকশিখা জীবনের সমস্ত দুঃখ যন্ত্রণাকে দূর করে আলোকিত করে তুলুক এটাই আমাদের প্রার্থনা। আলোকের ঝরণা ধারায় উন্নস্থিত হোক আমাদের আগামী দিনগুলি। সকল প্রতিকূলতাকে অতিক্রম করে আত্ম-নির্ভরতায় এবং উন্নয়নের জয়বাতায় আলোর পথে আমরা আরো এগিয়ে যেতে চাই। ত্রিপুরাসুন্দরী মায়ের আশীর্বাদে রাজ্যবাসী সকলে যাতে সুস্থ ও সুন্দরভাবে একসাথে মিলেমিশে থাকতে পারি, দীপাবলি উৎসবে আমি সেই প্রার্থনাই জানাচ্ছি।’

মুখ্যমন্ত্রী দীপাবলির আলোর উৎসবে রাজ্যবাসীর সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেছেন।
